# ডোনাল্ড ট্রাম্পকে নোবেল শান্তি পুরস্কারে মনোনয়নের সুপারিশ নেতানিয়াহুর



সংগৃহীত ছবি

মার্কিন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে নোবেল শান্তি পুরস্কারের জন্য মনোনয়নের সুপারিশ করেছেন ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। এ লক্ষ্যে নোবেল কমিটির কাছে আনুষ্ঠানিকভাবে একটি চিঠিও পাঠানো হয়েছে বলে জানিয়েছে টাইমস অব ইসরাইল।

গতকাল সোমবার (৭ জুলাই) ওয়াশিংটনে আয়োজিত এক নৈশভোজ অনুষ্ঠানে ট্রাম্পের হাতে মনোনয়নের সুপারিশপত্র তুলে দেন নেতানিয়াহু। এ সময় তিনি বলেন, “তিনি (ট্রাম্প) আমাদের অনুরোধে একের পর এক অঞ্চলে শান্তি প্রতিষ্ঠা করেছেন। তার অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি যে চিঠিটি নোবেল কমিটিকে পাঠিয়েছি, সেটি আপনাকে শান্তির জন্য মনোনীত করেছে—এটি আপনি প্রাপ্য।”

মনোনয়নপত্র হাতে পাওয়ার প্রতিক্রিয়ায় ট্রাম্প বলেন, “আপনাকে অনেক ধন্যবাদ। আমি এটি জানতাম না—বাহ! এটা আমার জন্য অনেক অর্থবহ।”

এর আগে, চলতি বছরের জুনে ইরান-ইসরাইল সাম্প্রতিক যুদ্ধবিরতির ক্ষেত্রে মধ্যস্থতাকারী ভূমিকার জন্য ডোনাল্ড ট্রাম্পকে নোবেল শান্তি পুরস্কারে মনোনয়নের প্রস্তাব দিয়ে নোবেল কমিটিকে চিঠি পাঠান মার্কিন কংগ্রেসম্যান বাডি কার্টার।

LENS ASIA